গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

# এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব রওনক মাহমুদ
সচিব
তারিখ : ১৯ ফেব্রুয়ারি ২০২০
সময় : বেলা ১১:৩০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত আছে।

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব মোঃ আবদুর রহমান বিগত ১৪ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সদস্যগণের সম্মতিক্রমে এ কার্যবিবরণী অনুমোদন হয়।

৩। বিগত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় এবং গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

## ৪। সাধারণ বিষয়াদি

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন | সরকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ২০২০ সালের ১৭ মার্চ হতে বছরব্যাপি সারা দেশে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের উদ্যোগ গ্রহণ করেছে। জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং এর অধীন সকল দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের সকল দপ্তরে বছরব্যাপি যথাযোগ্য মর্যাদায় জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপনের জন্য ইতোমধ্যে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। শীঘ্রই সকল পর্যায়ে পালনীয় নানা কর্মসূচি চূড়ান্ত করা হবে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব সুবোল বোস মনিকে ফোকাল পয়েন্ট এবং যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) জনাব মোঃ তৌফিকুল আরিফ-কে বিকল্প ফোকাল পয়েন্ট করা হয়েছে।<br>**মৎস্য অধিদপ্তরঃ** "নিরাপদ মাছে ভরবো দেশ-মুজিব বর্ষে বাংলাদেশ" শীর্ষক শ্লোগানকে সামনে রেখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য মৎস্য অধিদপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়ন হচ্ছেঃ<br>• জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর আওতায় মৎস্য অধিদপ্তরের অনুমোদিত কর্মসূচি জেলা ও উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে।<br>• "মৎস্য গ্রাম বাস্তবায়ন" কার্যক্রম হিসেবে নেত্রকোনা জেলার সদর উপজেলার দক্ষিণ বিশিউড়া এবং শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলার হালইসার গ্রামকে বাস্তবায়ন করা হবে। এ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত পরিদর্শনপূর্বক জরিপ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>• "পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত জেলা ও উপজেলা পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>প্রতিটি জেলায় "দেশিয় প্রজাতির মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ" কার্যক্রম বাস্তবায়ন করা হবে। | মন্ত্রণালয় ও অধীন দপ্তর/সংস্থায় ১৭ মার্চ, ২০১৯ হতে বছরব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য কর্মসূচি প্রণয়ন করতে হবে। আগামী সভায় শতবর্ষ পালনের প্রস্তুতি নিয়ে অগ্রগতি জানাতে হবে। | অতিঃ সচিব (প্রশাসন)/ যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)/ সংস্থা প্রধান (সকল) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | **প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উৎযাপন উপলক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন কার্যক্রম অন্তর্ভূক্ত করা হয়েছে এবং বছর ব্যাপী প্রতিপালনের জন্য বিভিন্ন কর্মসূচী চুড়ান্ত করা হয়েছে।<br>**বিএফডিসিঃ** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য অত্র কর্পোরেশনের সারা বছরব্যাপি কর্মসূচি প্রণয়ন করা হয়েছে এবং মুজিববর্ষ পালনের প্রস্তুতি ও অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়কে জানানো হবে।<br>**বিএফআরআইঃ** ইনস্টিটিউট কর্তৃক এতদবিষয়ে কর্মসূচি প্রণয়ন করে বিগত ২৯-১০-২০১৯ তারিখ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অগ্রগতি সভায় অবহিত করা হবে।<br>**বিএলআরআইঃ** কর্মসূচী প্রণয়ন করা হয়েছে এবং বাস্তবায়নের জন্য বিষয়টি অনুসরণ করা হচ্ছে।<br>**বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ** বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল বছরব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বিনামূল্যে চিকিৎসা ও টিকা প্রদান কর্মসূচী গ্রহণ করেছে।<br>**মেরিন ফিশারিজ একাডেমিঃ** এ দপ্তরের কর্মসূচি অনুমোদনের জন্য ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | | |
| ৪.২ | এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) এর কার্যক্রম | ক) APA চুক্তির পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাকে নিয়মিত পরিদর্শন করা প্রয়োজন।<br>খ) মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থাকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রমের প্রমাণক APAMS সফটওয়্যারে এবং অতিরিক্ত প্রমাণক ই-মেইলে প্রেরণ করতে হবে।<br>গ) APAMS সফটওয়্যারে APA এর ষান্মাসিক প্রতিবেদনের সাথে প্রয়োজনীয় প্রমাণক আপলোডের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্দেশনা প্রদান করেছে। APAMS সফটওয়্যারে দাখিলকৃত প্রমাণকের অতিরিক্ত প্রমাণক ই-মেইলে প্রেরণের অনুরোধ জানিয়েছে। ভবিষ্যতে প্রমাণক হিসেবে কোন হার্ড কপি প্রেরণ করা যাবে না। | ক) APA-এর বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।<br>খ) পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমসমূহ অর্জনের নিমিত্ত সকলকে পরিদর্শনের পরিমাণ বৃদ্ধির জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। | অতিঃ সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১) |
| ৪.৩ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | ক) অভীষ্ট-১৪ এর সমন্বয়কারী মন্ত্রণালয় হিসেবে গত ১২/০১/২০২০ তারিখে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে কো-লিড ও এসোসিয়েট মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী, NGO এবং CSOসহ বিভিন্ন স্টেকহোল্ডারদের নিয়ে একটি কনসালটেশন সভা অনুষ্ঠিত হয়।<br><br>খ) কনসালটেশন সভার সিদ্ধান্তের আলোকে কো-লিড ও এসোসিয়েট মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা থেকে অভীষ্ট ভিত্তিক তথ্য সংগ্রহপূর্বক একটি প্রতিবেদন গত ২১/০১/২০২০ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়।<br><br>গ) অভীষ্ট-১৪ এর নতুন কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত গঠিত কমিটির ১ম সভা ০৪/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | প্রতিটি বিষয়ে অনুসরণমুলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রাস-১)/ যুগ্মপ্রধান/ সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশা-১) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| ৪.৪ | ব্লু-ইকোনমি | **মৎস্য অধিদপ্তরঃ** ব্লু-ইকোনোমি বাস্তবায়ন সংক্রান্ত অক্টোবর, ২০১৯ মাসের মাসিক প্রতিবেদন ৩১/১০/২০১৯ খ্রি.তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) সভাপতিত্বে উপসচিব (মৎস্য-১)সহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধানদের নিয়ে ফেব্রুয়ারি মাসে সভা আহবান করতে হবে। | যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)/উপসচিব (মৎস্য-১) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.৫ | সেবা-পদ্ধতি সহজিকরণ | মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সিটিজেন চার্টার এর আলোকে কী কী সেবা সহজীকরণ করা যাবে বা হবে তা আগামী সভার পূর্বে ইনোভেশন টিম দাখিল করবে।<br>**মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তর ইতোমধ্যে ১টি সেবাকে (মৎস্য পরামর্শ সেবা) সহজিকরণ করেছে। সভার নির্দেশনা অনুযায়ী সেবা পদ্ধতি সহজীকরণের বিষয়টি মার্চ, ২০২০ মাসের মধ্যে মাঠ পর্যায়ে বাস্তবায়নের নিমিত্ত পত্র জারিসহ কার্যক্রম সম্পন্ন করা হবে।<br><br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** জনগণ যাতে সহজে সেবা পেতে পারে সে জন্য মোবাইল অ্যাপস, মোবাইল এস.এম.এস কার্যক্রমের মাধ্যমে সেবা প্রদান করা হয়। প্রাণিসম্পদ অধিদপ্তরের সেবা সমূহ সহজীকরণের লক্ষ্যে ই-ভেটেরিনারি সার্ভিস কার্যক্রম পাইলটিং কার্যক্রম সমাপ্ত হয়েছে। এ টু আই প্রকল্প ও প্রাণিসম্পদ অধিদপ্তরের উদ্যোগে এ পর্যন্ত ৮০ টি উপজেলায় ৮০ টি ইউনিয়নে এ কার্যক্রম গ্রহন করা হয়েছে।<br>২০১৯-২০ অর্থ বৎসরে পেনশন সেবা সহজীকরণ বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং কার্যক্রম চলমান আছে। ২০১৯-২০ অর্থ বৎসরে ২৬ টি জেলায় ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র স্থাপন ও ১৯ টি উপজেলায় স্ব ছোঁয়ার সিড়ি বাস্তবায়ন হবে। | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর কর্তৃক আগামী মার্চ/২০২০ মাসের মধ্যে বিষয়টি সম্পন্ন করতে হবে।<br><br>মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক পেনশন বিষয়ে আবেদন পেলে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.৬ | ই-সেবা প্রবর্তন | **মৎস্য অধিদপ্তরঃ** মৎস্যচাষে প্রবর্তিত ই-সেবাসমূহ মাঠ পর্যায়ে ব্যবহৃত হচ্ছে এবং তা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। ডিজিটাল সার্ভিস ইমপ্লিমেন্টেশন এক্সিলারেটরের মাধ্যমে ২২টি সেবাকে ই-সেবায় রুপান্তরের প্রক্রিয়া চলমান।<br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইটে ই-লাইভষ্টক কার্যক্রম চালু আছে। মোবাইল অ্যাপস এর মাধ্যমে প্রাণিসম্পদ বিষয়ক তথ্য প্রদান করা হচ্ছে। গাজীপুর জেলার সদর উপজলায় এবং গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলায় পাইলটিং কার্যক্রম সমাপ্ত হয়েছে এবং বাস্তবায়ন চলমান আছে।<br>**বিএফআরআইঃ** প্রশিক্ষণ সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে ই-সেবা প্রবর্তন করা হয়েছে। ইনস্টিটিউটে প্রশিক্ষণে অংশগ্রহণেচ্ছুক ব্যক্তি ইনস্টিটিউটের ওয়েব সাইট হতে নির্ধারিত ছকে ই-মেইলে আবেদন করতে পারেন। | বিষয়টি অনুসরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.৭ | তথ্য-বাতায়নসমূহ হালনাগাদকরণ | **মৎস্য অধিদপ্তরঃ** জাতীয় তথ্য-বাতায়নের অধীনে বাস্তবায়িত মাঠ পর্যায়ের অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণে বিভাগীয় ও জেলা পর্যায়ের দপ্তরসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং তা মনিটরিং করা হচ্ছে।<br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** এটুআই প্রকল্পের মাধ্যমে উপজেলা তথ্য-বাতায়ন কেন্দ্রের সাথে সেবা প্রদান কার্যক্রম চলমান আছে।<br><br>**বিএফআরআইঃ** ইনস্টিটিউটের ওয়েব সাইটে প্রদত্ত তথ্য নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।<br><br>**বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ** বিষয়টি অনুসরণ করা হবে। | বিষয়টি অনুসরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | **মেরিন ফিশারিজ একাডেমিঃ** বিষয়টি অনুসরণ করা হবে। | | |
| ৪.৮ | মাস্টার প্ল্যান প্রস্তুত | এ মন্ত্রণালয় হতে ২২/৫/২০১৯ তারিখে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের ২০৩০ সাল পর্যন্ত মাস্টার প্ল্যান অনুমোদন করা হয়েছে।<br><br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** প্রাণিসম্পদ অধিদপ্তরের উন্নয়ন কার্যক্রম অব্যাহত আছে।<br><br>**বিএফডিসিঃ** যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)'র নির্দেশনা মোতাবেক মাস্টার প্ল্যানটি সংশোধন করা হয়েছে।<br><br>**বিএফআরআইঃ** আগামী সভায় পাওয়ার পয়েন্টর মাধ্যমে উপস্থাপন করা হবে। | (১) মাস্টার প্ল্যানটি হালনাগাদ করে ফেব্রুয়ারি/২০২০ মাসের মধ্যে উপস্থাপন করবেন।<br>(২) যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) পরিদর্শন করে মাস্টার প্ল্যানটি সংশোধন করবেন।<br><br>(৩) আগামী মাসে সচিব মহোদয় বিএফআরআই পরিদর্শনকালে মাস্টার প্ল্যান্ট সম্পর্কে অবগত হবেন। | চেয়ারম্যান, বিএফডিসি/ অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি। |
| ৪.৯ | আইন/ বিধিমালা প্রণয়ন | **(ক) প্রস্তাবিত "মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) আইন, ২০১৯:** গত ৩০/০৬/২০১৯ তারিখে ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>**(খ) "পশু ও পশুজাত পণ্য সঙ্গনিরোধ বিধিমালা, ২০১৮":** (অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে ৫/১/২০২০ তারিখে প্রাণিসম্পদ অধিদপ্তরে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রাণিসম্পদ অধিদপ্তর প্রাথমিক খসড়া চূড়ান্ত করে প্রেরণ করবে।<br><br>(গ)."**বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০১৯":** মন্ত্রিসভা-বৈঠকে নীতিগত অনুমোদনের জন্য বিগত ১৫/০৯/১৯ তারিখে প্রেরণ করা হলে পর্যবেক্ষণসহ ফেরত প্রদান করে। মন্ত্রিসভার সিদ্ধান্ত মোতাবেক সচিব মহোদয়ের সভাপতিত্বে ১২/০২/২০২০ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম প্রক্রিয়াধীন।<br><br>**(ঘ) বাংলাদেশ ডেইরী উন্নয়ন বোর্ড আইন-২০১৯**<br>বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড আইন, ২০১৯ এর খসড়া পর্যালোচনা ও যৌক্তিকতা পুনঃপরীক্ষাক্রমে খসড়া প্রস্তুতের জন্য অতিরিক্ত সচিব (প্রাণি-২) মহোদয়ের সভাপতিত্বে ২৪/৯/২০১৯ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাণিসম্পদ অধিদপ্তর খসড়া প্রস্তুত করে প্রেরণ করবে।<br><br>(ঙ) **সামুদ্রিক মৎস্য আইন, ২০১৯ :** সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ হিসেবে মন্ত্রিসভা বৈঠকে ৩০/১২/২০১৯ চূড়ান্ত অনুমোদন করা হয় এবং মহান জাতীয় সংসদে ২৯/০১/২০২০ তারিখে উত্থাপন করা হয়েছে। | (ক) বিষয়টির অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) আগামী মার্চ/২০২০ মাসের মধ্যে চূড়ান্ত করতে হবে।<br><br>(গ) বিষয়টির অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>(ঘ) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক আগামী ২ মাসের মধ্যে আইনটির খসড়া প্রেরণ করবেন।<br><br>(ঙ) বিষয়টির অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (মৎস্য)/ যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১)/ যুগ্মসচিব (ব্লু ইকোনমি)/ সংস্থা প্রধান (সংশ্লিষ্ট)/ উপসচিব (আইন) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | **(চ) কৃত্রিম প্রজনন ও প্রাণী প্রজনন আইন-২০১৯:** গত ১২/২/২০১৯ তারিখে সভা অনুষ্ঠিত হয় এবং সভার সিদ্ধান্ত মোতাবেক খসড়া প্রণয়ন করে প্রেরণের জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে।<br><br>**(ছ) সামুদ্রিক মৎস্য নীতিমালা, ২০১৯ :** ১৯/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়া নীতিমালা প্রস্তুত করে প্রেরণের জন্য বিগত ৩০/১২/২০১৯ তারিখে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে।<br><br>**(জ) মৎস্যচাষ নীতিমালা ২০১৯:** নীতিমালাটি অনুমোদন না করার জন্য ৯/২/২০২০ তারিখে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর পত্র প্রেরণ করে অনুরোধ করেছেন। | (চ) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক আগামী ৩ মাসের মধ্যে আইনটির খসড়া প্রেরণ করবেন।<br>(ছ) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর নীতিমালাটি দ্রুত প্রেরণ করবেন।<br><br>(জ) নীতিমালাটি প্রয়োজন না হলে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর তা লিখিতভাবে জানাবেন। | |
| ৪.১০ | জেলা/ উপজেলা পর্যায়ের অফিস ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন | অতিরিক্ত সচিব (প্রশাসন), অতিরিক্ত সচিব (মৎস্য), উপসচিব (আইন, প্রশাসন-৩, মৎস্য-৩ এবং প্রশাসন-১) এবং সিনিয়র সহকারী প্রধান, প্রাণিসম্পদ পরিকল্পনা-১ জানুয়ারি ২০২০ মাসে মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ পর্যায়ের বিভিন্ন অফিস ও প্রকল্প পরিদর্শন করেন এবং কম্বিং অপারেশনে অংশগ্রহণ করেন। | ১) APA এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্ত প্রতিমাসে নিয়মিতভাবে পরিদর্শনের জন্য পুনরায় অনুরোধ করা হয়।<br>২) পরিদর্শন শেষে ৭ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্যও অনুরোধ করা হয়।<br>৩) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক নথি সংরক্ষণ/ব্যবস্থাপনার জন্য মাঠ পর্যায়ের অফিসগুলোতে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন। | অতিরিক্ত সচিব (সকল) যুগ্মসচিব (মৎস্য/ প্রাস-১)/ যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)/ যুগ্মপ্রধান/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা / DG, DoF, DG, DLS |
| ৪.১১ | মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার | **মৎস্য অধিদপ্তরঃ** সময়োপযোগী ও অধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়মিত প্রচারের নিমিত্ত মৎস্য অধিদপ্তরের বাৎসরিক রোডম্যাপ প্রস্তুত করে তদানুযায়ী রেডিও, টেলিভিশনে (বেসরকারি চ্যানেলসহ) প্রচার এবং ওয়েবসাইটে প্রচার হচ্ছে।<br>বাংলাদেশ টেলিভিশনে মৎস্য বিষয়ক প্রামান্য অনুষ্ঠান "রুপালি ফসল" প্রতিমাসের ২য় ও ৪র্থ মঙ্গলবার দুপুর ১২.২০টায় প্রচারিত হচ্ছে।<br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** ১। <u>টেলিভিশনে সম্প্রচারঃ</u><br>১। ব্রয়লার মুরগীর উপযোগিতা সম্পর্কে বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রে একটি টক শো সম্প্রচারিত হয়েছে।<br>২। গরু হৃষ্ট-পুষ্ট করণের প্রমাণ্য চিত্র দীপ্ত টিভিতে সম্প্রচার হয়েছে।<br>৩। টার্কি মুরগি পালনের উপর প্রামাণ্যচিত্র, দীপ্ত টিভিতে সম্প্রচার | প্রচারের জন্য বাৎসরিক রোডম্যাপ প্রস্তুতপূর্বক বিভিন্ন গণমাধ্যমে ও ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | DG, DoF, DG, DLS, DG, BFRI, DG, BLRI, উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | হয়েছে।<br>২। সোসাল মিডিয়াঃ<br>নিয়মিতভাবে প্রাণিসম্পদ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ সকল কার্যক্রম ফেসবুক পেজে প্রচারিত হচ্ছে।<br>৩। রেডিওতে প্রচারঃ<br>প্রতি সপ্তাহে দেশ আমার মাটি আমার ও সোনালী ফসল অনুষ্ঠানে প্রাণিসম্পদ বিষয়ক কার্যক্রম বাংলাদেশ বেতারে নিয়মিতভাবে প্রচারিত হয়ে থাকে।<br>**বিএলআরআইঃ** সময়োপযোগী ও অধিক গুরুত্বপূর্ণ বিষয় বিটিভিসহ নিয়মিত বিভিন্ন বেসরকারী চ্যানেল এবং প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়াতে প্রচার করা হচ্ছে।<br>**বিএফআরআইঃ** ইনস্টিটিউট হতে ইতোমধ্যে রোডম্যাপ প্রস্তুত করা হয়েছে। জানুয়ারী/২০২০ মাসে প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়াতে ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত শিং মাছের চাষ পদ্ধতি সম্পর্কে সংবাদ প্রকাশিত হয়েছে। | | |
| ৪.১২ | অডিট আপত্তি | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও এর অধীনস্থ অধিদপ্তর/সংস্থার অডিট সংক্রান্ত জানুয়ারি/২০২০ মাসের প্রতিবেদনঃ<br><br>ডিসেম্বর ২০১৯ মাসে মোট অনিষ্পন্ন আপত্তির সংখ্যা-৭,৩১৮ টি, জানুয়ারী ২০২০ মাসে প্রাপ্ত আপত্তির সংখ্যা-০১টি, জানুয়ারী ২০২০ মাসে মোট আপত্তির সংখ্যা-৭,৩১৯টি, জানুয়ারী ২০২০ মাসে আপত্তি নিষ্পত্তির সংখ্যা-২৩টি এবং জানুয়ারী ২০২০ মাসে মোট অনিষ্পন্ন আপত্তির সংখ্যা-৭,২৯৬টি<br><br>১। এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের ০৫ টি অডিট আপত্তি হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব কৃষি এবং পরিবেশ অডিট অধিদপ্তরে প্রেরণের নিমিত্তে ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। উল্লেখ্য, এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন অফিসসমূহ বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক কার্যক্রম পরিচালনা করা হতো। বর্তমানে কৃষি এবং পরিবেশ অডিট অদিদপ্তর কর্তৃক এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন অফিসসমূহের কার্যক্রম পরিচালনা করা হবে মর্মে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অফিসের কার্যক্রম পূর্ণাঙ্গভাবে শুরু না হওয়ায় ব্রডশীট জবাব কয়েক দিন পরে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা মৌখিক ভাবে জানিয়েছেন।<br><br>২। ডিসেম্বর/১৯ শেষে মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৭,৩১৮ টি। জানুয়ারি/২০ মাসে অডিট আপত্তির সংখ্যা ০১টি। জানুয়ারি/২০ মাসের শেষে মোট অডিট আপত্তির সংখ্যা ৭,৩১৯ টি। জানুয়ারি মাসে আপত্তি নিষ্পত্তির সংখ্যা ২৩ টি। জানুয়ারি/২০ মাসের শেষে অনিষ্পন্ন মোট অডিট আপত্তির সংখ্যা ৭,২৯৬ টি।<br><br>৩। ১৪/০১/২০২০ মাসের সিদ্ধান্ত মতে নিয়মিত দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা অব্যাহত আছে ।<br><br>৪। ক্ষুদ্র ঋণ প্রদান সংক্রান্ত অগ্রিম ও সাধারণ আপত্তির হিসাব বিবরণ নির্ধারিত ছকে প্রেরণ করার জন ২৫/০৬/২০১৯ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীকালে ২(দুই) দফা তাগিদ পত্রও দেয়া হয়। কিন্তু অদ্যাবধি হিসাব বিবরণ পাওয়া যায়নি।<br><br>**মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তরসহ | (ক) (i) নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে এবং দপ্তর/সংস্থা হতে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(ii) দারিদ্র্য বিমোচনের অডিট আপত্তির বিষয়ে দ্বিপক্ষীয় সভার মাধ্যমে সংস্থার ক্ষেত্রে ১ বছরের অডিট আপত্তিগুলোর ৫% এবং মন্ত্রণালয়ের ৩% হারে নিষ্পত্তি করতে হবে। | অতিঃ সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল)/ সহকারী সচিব (প্রশাসন-৪) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সমাপ্ত ও চলমান প্রকল্পের ১৯৭২ অথবা সূচনালগ্ন হতে জানুয়ারি, ২০২০ পর্যন্ত অডিট বিষয়ক তথ্যাদি:<br>• মোট অডিট আপত্তির সংখ্যা ১৪,০৭০টি<br>• মোট নিষ্পত্তির সংখ্যা ১০,৬৭০ টি<br>• মোট অনিস্পন্ন আপত্তির সংখ্যা ৩,৪০০টি।<br>• দ্বি-পক্ষীয় সভার সংখ্যা: ০৪টি<br>• দ্বি-পক্ষীয় সভায় অডিট আপত্তি নিস্পত্তির সংখ্যা: ৪৭টি<br>• জানুয়ারি, ২০২০ মাসে নিস্পত্তির সংখ্যা: ১৮টি অগ্রিম ও ০৪টি সাধারণ অনুচ্ছেদ<br>• ০৫/০১/২০২০ এবং ১২/০১/২০২০ খ্রি. তারিখে ৩৫টি অনুচ্ছেদের দ্বি-পক্ষীয় কার্যপত্র সভা আহবানের লক্ষ্যে বাণিজ্যিক অডিট অধিদপ্তর, রাজশাহীতে প্রেরণ করা হয়েছে।<br>• ১৩/০১/২০২০ ও ১৪/০১/২০২০ খ্রি. তারিখে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পাবনায় ২টি দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে।<br>• ২২/০১/২০২০ ও ২৩/০১/২০২০ খ্রি. তারিখে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর এ ২টি দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে।<br>• গত ২২/০১/২০২০ খ্রি.তারিখে জেলা মৎস্য দপ্তর, নাটোর; জেলা মৎস্য দপ্তর, বগুড়া ও এর অধীনস্থ দপ্তরসমূহের ২১টি অনুচ্ছেদের ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>দারিদ্র বিমোচন ও ক্ষুদ্র ঋণের সাধারণ ও অগ্রিম অডিট আপত্তির তালিকা বিভিন্ন বিভাগ হতে পাওয়া গিয়েছে। আপত্তির তালিকাসমূহ অতি শীঘ্রই প্রেরণ করা হবে।<br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** (১) নিয়মিতভাবে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আহ্বানের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। ক্রমপুঞ্জিত অনিস্পন্ন অডিট আপত্তির বিভাগ ওয়ারী জানুয়ারী/২০২০ তথ্যাদি নিম্ন প্রদত্ত হলো।<br><br>মোট অডিট আপত্তির সংখ্যা ৯৩৩০, ক্রম পুঞ্জিত নিষ্পত্তির সংখ্যা ৬৩২২, হালনাগাদ মোট অনিষ্পন্নর ৩০০৮ টি।<br>**বিএফডিসিঃ** ১। মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার, খুলনা কেন্দ্রের ১৬টি অনিষ্পন্ন সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব গত ১৬/০১/২০২০ তারিখে ২১৯৮ সংখ্যক স্মারক অনুযায়ী বাণিজ্যিক অডিট অধিদপ্তর আঞ্চলিক কার্যালয়, খুলনায় প্রেরণ করা হয়েছে।<br>২। মৎস্য প্রক্রিয়াকরণ ও বিপণন কেন্দ্র, দিগরাজ, মোংলা এর ১৪টি অনিষ্পন্ন সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব গত ২৮/০১/২০২০ তারিখে ৬৭১ সংখ্যক স্মারক অনুযায়ী বাণিজ্যিক অডিট অধিদপ্তর আঞ্চলিক কার্যালয়, খুলনায় প্রেরণ করা হয়েছে।<br><br>**বিএফআরআইঃ** ১। ইনস্টিটিউটের মোট ১০২টি আপত্তি অনিষ্পন্ন আছে। এরমধ্যেঃ-<br><br>ক) তেরটি আপত্তির উপর দ্বিপক্ষীয় সভার কার্যপত্র সংশ্লিস্ট অডিট অফিসে প্রেরণ করা হয়েছে। এরমধ্যে ইনস্টিটিউটের চাঁপুরস্থ নদী কেন্দ্রের ছয়টি ১৪-০৯-২০১৭ইং তারিখে সিলেটের অডিট অফিসে এবং বাগেরহাট চিংড়ি গবেষণা কেন্দ্রের সাতটি ২৬-১১-২০১৭ইং | | |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | তারিখে খুলনার অডিট অফিসে প্রেরণ করা হয়েছে।<br><br>খ) উনত্রিশটি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য কার্যপত্র বিগত ৫/২/২০২০ইং তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>গ) তেত্রিশটি আপত্তির উপর প্রাপ্ত মন্তব্যর জবাব প্রক্রিয়াধীন আছে। আগামী ৩০ মার্চ /২০২০ এর মধ্যে জবাব প্রেরণ করা হবে।<br><br>ঘ) আঠারটি আপত্তির ব্রডশীট জবাব ৬/২/২০২০ইংতারিখে নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>**বিএলআরআইঃ** ১টি ত্রিপক্ষীয় সভা ০৪/০৩/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণীতে স্বাক্ষর করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। সভায় ২০ টি আপত্তির মধ্যে ১৮টি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে।<br><br>**বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ** বর্তমানে মোট ৮টি (অগ্রিম-৫ ও সাধারণ-৩) আপত্তি রয়েছে। ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হলে কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করা হবে।<br><br>**মেরিন ফিশারিজ একাডেমিঃ** অগ্রগতিঃ বর্তমানে অর্থ বছরে এ দপ্তরের একাডেমির ১৩টি অনিষ্পন্ন অডিট আপত্তির মধ্যে ০৫টি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ০৮টি আপত্তি নিষ্পত্তির কাজ চলমান আছে। তন্মধ্যে ৪টি আপত্তি ত্রি-পক্ষীয় সভায় নিষ্পত্তিযোগ্য। | | |
| ৪.১৩ | মামলা/ মোকদ্দমা নিষ্পত্তি | জানুয়ারি মাসে আইন অধিশাখায় মোট ১০টি মামলা পাওয়া গেছে।<br>**মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের মামলার হালনাগাদ তথ্যাদি :<br>• হাইকোর্ট : ৩৭৮টি<br>• প্রশাসনিক ট্রাইব্যুনাল: ১১টি<br>• কনটেম্পট: ২০টি<br>• জেলা দায়রা জজ আদালত: ২৪টি<br>• মোবাইল কোর্ট (ডিসেম্বর, ২০১৯): ৯৭টি<br>(মৎস্য খাদ্য আইন: ৩৩টি<br>মৎস্য সংরক্ষণ আইন: ৩৯টি<br>ফরমালিনের ব্যবহার নিয়ন্ত্রণ: ২১টি<br>মৎস্য হ্যাচারি আইন: ০৪টি)<br>• জানুয়ারি, ২০২০ মাসে নিষ্পত্তি/ Non prosecution মামলার সংখ্যা: ০১টি<br>জানুয়ারি, ২০২০ মাসে হাইকোর্ট বিভাগে ০৪টি (প্রকল্পের চাকুরি রাজস্ব বাজেটে স্থানান্তর সংক্রান্ত-০৩টি এবং ট্রলারের নতুন লাইসেন্স সংক্রান্ত-০১টি) এবং প্রশাসনিক ট্রাইবুনালে ০২টি (চাকুরিতে পুনঃবহাল সংক্রান্ত-০১টি এবং টাইমস্কেল সংক্রান্ত-০১টি) মামলা নথিভূক্ত হয়েছে।<br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** অনিস্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে নিয়মিত অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত আছে।<br>জানুয়ারী/২০ পর্যন্ত মামলার তথ্যঃ<br>সুপ্রিম কোট-১২টি, হাইকোর্ট-১২৯টি, জজকোর্ট-২০টি , প্রশাসনিক/প্রশাসনিক আপীল ট্রা:-১২/৪টি মোট-১৭৭টি।<br><br>**বিএফডিসিঃ** অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে নিয়মিত অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত আছে। | অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে নিয়মিত অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখা এবং দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্থা প্রধান (সকল), উপসচিব (আইন) |

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>বিএফআরআইঃ ইনস্টিটিউটের বিভিন্ন বিষয়ে ১৪টি (মহামান্য হাইকোটে ৮টি এবং নিম্ন আদালতে ৬টি) মামলা চলমান আছে। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত অনুসরণ করা হচ্ছে।<br><br>বিএলআরআইঃ ২ (দুই) টি রীট মামলা হিয়ারিং এর অপেক্ষায় রয়েছে। ১ টি রীট মামলার রায়ের বিরুদ্ধে আপিল করা হয়েছে। টাকা আদায়ের জন্য মানিস্যুট ১ টি মামলা করা হয়েছে। দ্বিতীয় যুগ্ম জেলা জজ আদালত ঢাকা বিএলআরআই এর সমাপ্ত প্রকল্পের এস,ও গণ রাজস্ব খাতে চাকুরীর বিজ্ঞপ্তিতে আবেদন করার সুযোগ চেয়ে রীট করেছেন এবং রাজস্ব খাতে চাকুরীর জন্য রীট করেছেন। যার রিট পিটিশন নং ৭৮৯৮/১৯, ৭৮৯৯/১৯, ৮৪৬৯/২০১৯, ৮১২৭/২০১৯, ৯১৫৪/২০১১ এবং ৭৮৩৯/২০১৯ মোট ৬ (ছয়) টি হাইকোটে দাখিল করেছেন।<br><br>মেরিন ফিশারিজ একাডেমিঃ এ দপ্তরের পক্ষে/বিপক্ষে কোন মামলা/মোকদ্দমা চলমান নেই।</td><td></td><td></td></tr>
<tr><td>৪.১৪</td><td>পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি</td><td>মৎস্য-১ অধিশাখা হতে জানুয়ারি/২০২০ মাসে ০৪টি পেনশন কেস পাওয়া যায়। তন্মধ্যে ৩টি পেনশন কেস নিষ্পত্তি হয়েছে। ১টি কেস চলমান রয়েছে।<br><u>প্রাণিসম্পদ-৩ অধিশাখার বিবরণঃ</u><br><u>পূর্ববর্তী মাসের জের: ০২টি</u><br><u>পরবর্তীতে প্রাপ্ত: ০৭টি</u><br><u>মোট কেইস: ০৯টি</u><br><u>নিষ্পত্তি হয়েছে: ০৪টি</u><br>অনিষ্পন্ন ০৫টি<br>মৎস্য অধিদপ্তরঃ মৎস্য অধিদপ্তরের পেনশন সংক্রান্ত জানুয়ারি,২০২০ বিবরণী<br><table><tr><th>জানুয়ারি,২০ মাসে প্রেরণকৃত পেনশন সংখ্যা</th><th>জুলাই,১৯ হতে জানুয়ারি,২০ পর্যন্ত মন্ত্রণালয়ে প্রেরণকৃত পেনশন সংখ্যা</th><th>মন্ত্রণালয় কর্তৃক মঞ্জুরীকৃত পেনশন সংখ্যা</th><th>অবশিষ্ট</th></tr><tr><td>০৮টি</td><td>৩৯টি</td><td>৩৫টি</td><td>০৪</td></tr></table><br>২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছর পর্যন্ত পিআরএল-এ গমনকারী সকল কর্মকর্তার প্রয়োজনীয় তথ্য সংগ্রহপূর্বক তা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br><br>প্রাণিসম্পদ অধিদপ্তরঃ (১) এ বিষয়ে কার্যক্রম চলমান।<br><u>প্রাণিসম্পদ অধিদপ্তরের পেনশন সংক্রান্ত জানুয়ারী /২০ বিবরণীঃ</u><table><tr><th>জুলাই /১৯ হতে ডিসেম্বর/ ১৯ পর্যন্ত মন্ত্রণালয়ে প্রেরণ কৃত পেনশন সংখ্যা</th><th>জানুয়ারী /২০ মাসে প্রেরণ কৃত পেনশন সংখ্যা</th><th>এ পর্যন্ত প্রেরণ কৃত মোট পেনশন সংখ্যা</th><th>মন্ত্রণা লয় কর্তৃক মঞ্জুরীকৃত পেনশন সংখ্যা</th><th>অবশিষ্ট</th></tr><tr><td>২৫ টি</td><td>০৬টি</td><td>৩১ টি</td><td>২৯ টি</td><td>০২ টি</td></tr></table>পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহন করা হয়ে থাকে।<br>(২) পিআরএল-এ গমের তারিখ ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।<br><br>বিএফআরআইঃ ১) যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে।<br><br>২) আগামী ০৩ মাসে ইনস্টিটিউটের ০৩ জন কর্মকর্তা/কর্মচারী , ০৬ মাসে ০৪ জন কর্মকর্তা/কর্মচারী ও ০১ বছরে ০৭ জন</td><td>(১) অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তিসহ পিআরএল-এ গমনের তারিখের দু'মাস পূর্বে মন্ত্রণালয় থেকে মঞ্জুরী আদেশ জারি করতে হবে।<br>(২) যথাসময়ে আবেদন ও বিধি অনুযায়ী ১৮ মাসের লাম্পগ্রান্ডসহ ০১ বছরের পিআরএল অনুমোদন/ আদেশ একইসাথে জারি করতে হবে।<br><br>(৩) আগামী ৩ মাস, ৬ মাস ও ১ বছরে কতজন পিআরএল-এ যাবে তার তথ্য আগেই নিশ্চিত হয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে লাম্পগ্রান্ডসহ পিআরএল আদেশ জারি করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (মৎস্য/ প্রাণিসম্পদ-২), যুগ্ম-সচিব (প্রাণিসম্পদ-১), DG, DOF, DG, DLS/ মন্ত্রণালয়ের কল্যাণ কর্মকর্তা</td></tr>
</table>

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | কর্মকর্তা/কর্মচারী পিআরএল এ যাবেন। তাঁদের যথাসময়ে ল্যামগ্রান্ড ও পিআরএল আদেশ জারীর ব্যবস্থা নেয়া হবে।<br>**মেরিন ফিশারিজ একাডেমিঃ** বর্তমানে এ একাডেমিতে কোন পেনশন কেইস অনিস্পন্ন নেই। চলতি অর্থবছরে কোন কর্মচারী অবসরে গমনযোগ্য নেই। গত ০১ জানুয়ারী ২০২০ তারিখ থেকে ০১ জন কর্মচারী স্বেচ্ছায় অবসরে গমণ করেছেন। | | |
| ৪.১৫ | মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের হালনাগাদ গাড়ির সংখ্যা নির্ধারণ | মৎস্য অধিদপ্তরের গাড়ি TO&E ভুক্তকরণের নিমিত্ত এ মন্ত্রণালয়ের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে, জনপ্রশাসন মন্ত্রণালয় গত ১৪/০১/২০২০ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>**মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের গাড়ী টিওএন্ডই অন্তর্ভুক্তকরণের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে ১৪/০১/২০২০ খ্রি. তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রাণিসম্পদ অধিদপ্তরের গাড়ীর সংখ্যা পুন: প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য কার্যক্রম অব্যাহত আছে। শ্রীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>**বিএফআরআইঃ** ক) ইনস্টিটিউটের হালনাগাদ গাড়ির তালিকা ২৭-১-২০২০ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>খ) ইনস্টিটিউটের গাড়ি টিওএন্ডইভুক্তকরণের প্রস্তাব বিগত ১৮-০৪-২০১৭ ইং তারিখের মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে-যা বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। | (ক) বিএফডিসি ব্যতিত অন্যান্য দপ্তর/ সংস্থার গাড়ির হালনাগাদ তালিকা প্রস্তুতপূর্বক এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) মৎস্য অধিদপ্তরের গাড়ী TO&E ভুক্তকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। | অতিরিক্ত সচিব (মৎস্য) যুগ্মসচিব (প্রাস-১)/ সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৪.১৬ | জনবলের ডাটাবেইজ প্রস্তুতকরণ | মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার জনবলের ডাটাবেইজ নিয়মিত আপডেট করা হচ্ছে।<br>**মৎস্য অধিদপ্তরঃ** PDS সফটওয়্যার এর মাধ্যমে মৎস্য অধিদপ্তরের জনবলের ডাটাবেইজ সম্পন্ন করা হয়েছে এবং নিয়মিত আপডেট করা হচ্ছে।<br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** জনবলের ডাটাবেইজ (Database) নিয়মিত আপডেট রাখার জন্য প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাই (www.dls.gov.bd)এ" কর্মকর্তাগণের ডাটাবেজ " নামে সফটওয়ারটি সংযুক্ত করা হয়েছে। নিয়মিত আপডেট করা হচ্ছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদলে ডাটাবেইজ সফটওয়ারে নতুন মডিউল সংযোজন করা হয়েছে এবং তা আপডেট কার্যক্রম চলমান আছে।<br><br>**বিএফডিসিঃ** জনবলের ডাটাবেইজ নিয়মিত আপডেট ও ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।<br>**বিএফআরআইঃ** জনবলের আপডেট ডাটাবেজ ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br>**বিএলআরআইঃ** ১ম শ্রেণির জনবলের ডাটাবেজ প্রস্তুত করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে ইতোপূর্বে প্রেরণ করা হয়েছে এবং বিএলআরআই এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। যা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এছাড়া, অনলাইন PDS এর লিংক ওয়েবসাইটে সংযুক্ত করা হয়েছে।<br><br>**বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ** জনবলের ডাটাবেইজ নিয়মিত আপডেট ও ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।<br><br>**মেরিন ফিশারিজ একাডেমিঃ** একাডেমির জনবলের ডাটাবেইজ নিয়মিত আপডেট ও ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | জনবলের ডাটাবেইজ নিয়মিত আপডেট ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | সংস্থা প্রধান (সকল) |

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>৪.১৭</td>
<td>বকেয়া বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন কর পরিশোধ</td>
<td>
মৎস্য অধিদপ্তরঃ ২০১৯-২০ অর্থবছরে জানুয়ারি, ২০২০ পর্যন্ত প্রাপ্ত ও মাঠ পর্যায়ে প্রদত্ত বরাদ্দ:
<table>
<tr><th colspan="2">বিদ্যুৎ বিল</th><th colspan="2">ভূমি উন্নয়ন কর</th><th colspan="2">পৌর কর</th></tr>
<tr><td>প্রাপ্ত বরাদ্দ (টাকা)</td><td>ব্যয় (টাকা)</td><td>প্রাপ্ত বরাদ্দ (টাকা)</td><td>ব্যয় (টাকা)</td><td>প্রাপ্ত বরাদ্দ (টাকা)</td><td>ব্যয় (টাকা)</td></tr>
<tr><td>৩,২৮,৫২,০০০/-</td><td>১,৯৬,৪৯,০০০/-</td><td>৯৫,০০,০০০/-</td><td>৫৮,৮৯,০০০/-</td><td>৭৫,২০,০০০/-</td><td>৪৯,৬৪,৩৩৩/-</td></tr>
</table>
<table>
<tr><th colspan="2">পানি</th><th colspan="2">গ্যাস ও জ্বালানি</th></tr>
<tr><td>প্রাপ্ত বরাদ্দ (টাকা)</td><td>ব্যয় (টাকা)</td><td>প্রাপ্ত বরাদ্দ (টাকা)</td><td>ব্যয় (টাকা)</td></tr>
<tr><td>২০,৮০,০০০</td><td>১২,৫৭,০০০/-</td><td>৪,৪০,০০০/-</td><td>১,৮০,০০০/-</td></tr>
</table>
প্রাণিসম্পদ অধিদপ্তরঃ বকেয়া বিদ্যুৎ বিল পানির বিল, গ্যাসের বিল, ভূমি উন্নয়ন কর ও পৌর কর (জুলাই/১৯ হতে ডিসেম্বর/১৯ পর্যন্ত পরিশোধ করে মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।<br>
(অংক সমূহ হাজার টাকায় )
<table>
<tr><th rowspan="2">সংস্থার নাম</th><th colspan="2">৩৮২১১০৩-পৌর কর ২০১৯-২০২০</th><th colspan="2">৩৮২১১০২-ভূমি কর</th></tr>
<tr><th>বরাদ্দ</th><th>ব্যয়</th><th>বরাদ্দ</th><th>ব্যয়</th></tr>
<tr><td>ডিএল এস</td><td>৩৩০৯৯</td><td>১২৭৭৪</td><td>১৩১৯৯</td><td>৩৫৫৯</td></tr>
</table>
(অংক সমূহ হাজার টাকায়)
<table>
<tr><th colspan="2">৩২১১১১৫-পানি ২০১৯-২০</th><th colspan="2">৩২১১১১৩-বিদ্যুৎ ২০১৮-১৯</th><th colspan="2">৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানী ২০১৮-১৯</th></tr>
<tr><th>বরাদ্দ</th><th>ব্যয়</th><th>বরাদ্দ</th><th>ব্যয়</th><th>বরাদ্দ</th><th>ব্যয়</th></tr>
<tr><td>১৬১৬৯</td><td>৩৫০২</td><td>১১৬৩১৫</td><td>৪১৫৪৮</td><td>৪২৯৯</td><td>১৭২২</td></tr>
</table>
(২) চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর দাবীকৃত ৩ (তিন) টি দপ্তরের মোট ৫,০৩,২২৭/- টাকা পরিশোধ করা হয়েছে।<br>
বিএফডিসিঃ বকেয়া বিদ্যুৎ বিল, পানির বিল, পৌর কর ও ভূমি উন্নয়ন কর নিয়মিত পরিশোধ করা হচ্ছে।<br><br>
বিএফআরআইঃ অত্র ইনস্টিটিউটের বিদ্যুৎ বিল, গ্যাস বিল, ভূমি উন্নয়ন কর ও পৌরকর বকেয়া নাই।<br><br>
বিএলআরআইঃ বিদ্যুৎবিল, টেলিফোন বিল, গ্যাস বিল নিয়মিত পরিশোধ করা হচ্ছে। ১৪২৬ ভূমি উন্নয়ন কর বিএলআরআই, আঞ্চলিক কেন্দ্র নাইক্ষ্যংছড়ি, বান্দরবন, বাঘাবাড়ি শাহজাদপুর, সিরাজগঞ্জ ভূমি উন্নয়ন কর পরিশোধ করা হয়েছে।<br>
বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করা হচ্ছে ও নিয়মিত হালনাগাদ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।<br><br>
মেরিন ফিশারিজ একাডেমিঃ এ দপ্তরের বিদ্যুৎ বিল, গ্যাসের বিল ও ভূমি উন্নয়ন কর হালনাগাদ পরিশোধিত আছে। নিজস্ব গভীর নলকূপের পানি ব্যবহার করা হয়।
</td>
<td>(১) বকেয়া বিদ্যুৎ বিল, পানির বিল, গ্যাসের বিল, ভূমি উন্নয়ন কর ও পৌর কর পরিশোধপূর্বক সকল সংস্থা থেকে হালনাগাদ তথ্য এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক ভূমি উন্নয়ন ও পৌর কর বাবদ দাবিকৃত অবশিষ্ট টাকা পরিক্ষান্তে দ্রুত পরিশোধ করতে হবে।<br>(৩) বাজেট বরাদ্দ থাকা সত্বেও বকেয়া পরিশোধ করা না হলে সংশ্লিষ্ট সংস্থা দায়ী থাকবে।</td>
<td>অতিঃ সচিব (সকল)/ সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (বাজেট)</td>
</tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৪.১৮</td><td>জরাজীর্ণ/ মেরামত অযোগ্য ভবন অপসারণ</td><td>মৎস্য অধিদপ্তরঃ জানুয়ারি, ২০২০ মাস পর্যন্ত জরাজীর্ণ/ মেরামত অযোগ্য ভবনের তথ্য:<br>
<table>
<tr><th>প্রাপ্ত তথ্য অনুযায়ী মেরামত অযোগ্য ভবন সংখ্যা</th><th>প্রকৌশলী কর্তৃক ঘোষিত মেরামত অযোগ্য ভবন সংখ্যা</th><th>কমিটি কর্তৃক ঘোষিত মেরামত অযোগ্য ভবন সংখ্যা</th><th>ভাংগা/ অপসারণ</th></tr>
<tr><td>৩০</td><td>৬</td><td>২১</td><td>৩</td></tr>
</table>
দিনাজপুর জেলাধীন জেলা মৎস্য ভবন, মৎস্যবীজ উৎপাদন খামার, পুলহাট এর গার্ডসেড, কিচেন এবং মৎস্যবীজ উৎপাদন খামার, পার্বতীপুর, দিনাজপুর এর খামার ব্যবস্থাপকের বাসভবন ব্যবহার অনুপযোগী স্থাপনা পরিত্যক্ত ঘোষণা ও নিলামে বিক্রয়ের নিমিত্ত জেলা কনডেমশন কমিটির সুপারিশ অনুমোদনের নিমিত্ত মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য ১০/০২/২০১৯ খ্রি. তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>
প্রাণিসম্পদ অধিদপ্তরঃ জানুয়ারী/২০২০ মাস পর্যন্ত।<br>
<table>
<tr><th>প্রাপ্ত তথ্য অনুযায়ী মেরামত অযোগ্য ভবন সংখ্যা</th><th>প্রকৌশলী কর্তৃক ঘোষিত সংখ্যা</th><th>কমিটি কর্তৃক ঘোষিত সংখ্যা</th><th>ভাংগা/ অপসারণ</th></tr>
<tr><td>১৭৩ টি</td><td>১৭৩ টি</td><td>৫৯ টি</td><td>-/৫৭ টি</td></tr>
</table>
(খ) পুরাতন/ জরাজীর্ণ ভবনের স্থলে নতুন স্থাপনা/ অবকাঠামো নির্মাণের প্রকল্প গ্রহন কার্যক্রম অব্যাহত আছে।<br>
বিএফআরআইঃ ইনস্টিটিউটের নিলামযোগ্য কোন ভবন বর্তমানে বিদ্যমান নেই।<br><br>
বিএলআরআইঃ নাইক্ষ্যংছড়িতে একটি অফিস-কাম-ল্যাব ভবন আছে যা জরাজীর্ণ। তা মেরামতযোগ্য কিনা তা নির্ণয়ের জন্য জেলা প্রশাসক বরাবর গত ২৯/০৫/২০১৭ খ্রিঃ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। যা জেলা প্রশাসক, বান্দরবান কর্তৃক নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত) বরাবর প্রেরণ করা হলে ভবনটি অকেজো নয়, উহা মেরামতযোগ্য মর্মে গত ৩১/৭/২০১৮ খ্রিঃ তারিখে প্রতিবেদনে উল্লেখ করেন। কার্যবিবরনী ২৫/১০/১৮ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সংস্কারের জন্য প্রয়োজনীয় বাজেট "বিএলআরআই এর সফলতা বৃদ্ধিকরনের জন্য জোরদারকরণ প্রকল্প" আওতাভুক্ত করা হয়েছে।</td><td>(১) ছক মোতাবেক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>(২) বিষয় বিবেচনা করে মহাপরিচালকদের কে ক্ষমতা প্রদান করার জন্য সচিব মহোদয় আদেশ দেন।<br>(৩) এছাড়া জরাজীর্ণ/ মেরামত অযোগ্য ভবন অপসারণের বিষয়টি অনুসরণ করতে হবে।</td><td>অতিঃসচিব (মৎস্য), যুগ্মসচিব (প্রাস-১), যুগ্মপ্রধান, DG, DOF, DG, DLS</td></tr>
<tr><td>৪.১৯</td><td>ই-নথি</td><td>মৎস্য অধিদপ্তরঃ ০২/০২/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত<br>
• মোট ডাক গ্রহণ: ৩৬,৭০৭ টি<br>
• ই ফাইলে নিস্পত্তিকৃত ডাক সংখ্যা : ৩৪,৯৮৪টি<br>
• পত্র জারির সংখ্যা: ৬,১৩০ টি<br>
• স্ব উদ্যোগে নোট: ১০,২১৯টি<br>
• জানুয়ারি, ২০২০ মাসে মধ্যম ক্যাটাগরিতে অবস্থান: ৫ম<br>
মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের মধ্যে অবস্থান: ১ম<br>
প্রাণিসম্পদ অধিদপ্তরঃ<br>
(ক) ই-নথি কার্যক্রমের প্রতিবেদন জানুয়ারী/২০ মাসের নিম্নে প্রদত্ত হ'ল।</td><td>এ মন্ত্রণালয় ও অধীনস্থ সকল সংস্থায় ১০০% ই-ফাইলিং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ই-ফাইলিং এর মাধ্যমে কে কত শতাংশপত্র জারি করেছে তার প্রতিবেদন প্রদান করতে হবে।</td><td>অনুবিভাগ প্রধান (সকল), সংস্থা প্রধান (সকল)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><th>দপ্তর/ সংস্থা</th><th>প্রাপ্ত পত্র</th><th>নিষ্পত্তি কৃত পত্র</th><th>ই-ফাইলে নিষ্পত্তি কৃত সংখ্যা</th><th>মন্ত্রণালয় ও সংস্থার ই-ফাইলে পত্র জারির সংখ্যা</th></tr>
<tr><td>প্রাণিসম্পদ অধিদপ্তর</td><td>১৬২</td><td>১৯১</td><td>১১৫</td><td>৩৪</td></tr>
</table>
বিএফডিসিঃ ই-ফাইলিং এর কার্যক্রম চালু আছে। ই-ফাইলিং এর মাধ্যমে জানুয়ারী, ২০২০ মাসে ডাক গ্রহণ-৪৭২টি, নিষ্পন্ন ৪৫৩টি, অনিষ্পন্ন-১৪৩, ডাক থেকে সৃজিত নোট-৪০টি, স্ব-উদ্যোগে নোট-৬১টি, পত্র জারিতে নিষ্পন্ন মোট-৫৩টি।
বিএফআরআইঃ বিগত ২২-০৫-২০১৭ ইং তারিখ হতে ইনস্টিটিউটে ই-ফাইলিং কার্যক্রম চালু করা হয়েছে। জানুয়ারী /২০২০ মাসে ই-নথিতে ৫৭.৬৩% পত্র জারী করা হয়েছে।
বিএলআরআইঃ ইনস্টিটিউটে বর্তমানে ই-নথির মাধ্যমে কাজ সম্পাদন করা হচ্ছে। "ই-ফাইলিং ম্যানেজমেন্ট" এর উপর ইনস্টিটিউটের বিভিন্ন গ্রেডের মোট ১০৯ জন কর্মকর্তা, কর্মচারীকে ইনস্টিটিউটে এবং ৩ জন কর্মকর্তাকে মন্ত্রণালয় কর্তৃক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ই-নথি কার্যক্রমে বিএলআরআই বর্তমানে (১-৩০ নভেম্বর) নিজ ক্যাটাগরীতে ৯ম স্থানে রয়েছে।
বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ অত্র দপ্তরের কর্মকর্তা/কর্মচারীরা ইতিমধ্যে ই-ফাইলিং-এর উপর প্রশিক্ষণ গ্রহণ করেছে। ই-ফাইলিং এর মাধ্যমে পত্র জারি করে তার প্রতিবেদন প্রেরণ করা হবে।
মেরিন ফিশারিজ একাডেমিঃ এ দপ্তর মূলত একটি শিক্ষা প্রতিষ্ঠান। এখানে ১০০% ই-ফাইলিং বাস্তবায়ন সম্ভব নয়। বর্তমানে প্রায় ৫০% পত্র ই-ফাইলিং এর মাধ্যমে জারী করা হচ্ছে।
</td><td></td><td></td></tr>
<tr><td>৪.২০</td><td>ইনোভেশন</td><td>
মৎস্য অধিদপ্তরঃ ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
<ul>
<li>মৎস্য অধিদপ্তরে ৩৪টি ইনোভেশন আইডিয়া পাওয়া গিয়েছে এবং সেগুলো যাচাই বাছাই চলছে।</li>
<li>মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে উদ্ভাবনী আইডিয়ার তালিকা আপলোড করা হয়েছে।</li>
<li>এ পর্যন্ত ০৭টি ইনোভেশন প্রকল্প পাইলটিং করা হয়েছে।</li>
<li>"মৎস্য চাষি বার্তা" শীর্ষক মোবাইল অ্যাপসটি পুনরায় পাইলটিং করা হচ্ছে।</li>
</ul>
"মৎস্য পরামর্শ" শীর্ষক মোবাইল অ্যাপসটি সারাদেশে রেপ্লিকেশন করা হচ্ছে।
প্রাণিসম্পদ অধিদপ্তরঃ <u>প্রাণিসম্পদ অধিদপ্তরের চলমান ইনোভেশন কার্যক্রমের সেবা গ্রহিতা বিবরনীঃ</u>
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ইনোভেশন কার্যক্রম</th><th>জানুয়ারী/২০</th><th>এ পর্যন্ত</th><th>সর্বমোট</th></tr>
<tr><td>১</td><td>ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কেন্দ্র (৮০) টি ২০১৪-২০২০</td><td>৬০০২</td><td>৩৬৬০০২</td><td>৩৭২০০৪</td></tr>
<tr><td>২</td><td>মোবাইল অ্যাপস ২০১৮-২০২০</td><td>৩০৫</td><td>১০৮০০</td><td>১১১০৫</td></tr>
<tr><td>৩</td><td>এস এম এস সার্ভিস</td><td>২৫০</td><td>৯০০০</td><td>৯২৫০</td></tr>
<tr><td>৪</td><td>ই-ভেট সার্ভিস থেকে ২০১৯-২০২০</td><td>৩০</td><td>৩৬০</td><td>৩৯০</td></tr>
</table>
</td><td>আগামী সভায় দপ্তর/সংস্থার চলমান উদ্ভাবনের তালিকা উপস্থাপন করতে হবে।</td><td>চিফ ইনোভেশন অফিসার, সংস্থা প্রধান (সকল)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td>৫</td><td>ওয়েব সাইট ভিত্তিক ই – লাইভস্টক কাযক্রম ২০১২-২০২০</td><td>৩০০</td><td>২৫২০০</td><td>২৫৫০০</td></tr>
<tr><td>৬</td><td>ডিজিটাল কৃত্রিম প্রজনন সেবা</td><td>-</td><td>৪৩</td><td>৪৩</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td></td><td></td><td>৪১৮২৯২</td></tr>
</table>
ইনোভেশন ল্যাব কার্যক্রমের আওতায় প্রাণিসম্পদ অধিদপ্তরের ৫ টি বিষয় যথাক্রমে ১. পশুখাদ্যের মাননির্ণয়ের নিমিত্তে কিট উদ্ভাবন , ২. মানসম্মত দুধ পরীক্ষার কিট উদ্ভাবন, ৩. নির্দিষ্ট তাপমাত্রায় দুধ পরিবহণের সহজলভ্য ব্যবস্থা গ্রহণ, ৪. ভ্যাকসিন সংরক্ষণ বিতরণের নিমিত্তে সহজলভ্য সমাধান ও ৫. হাঁস-মুরগীর খামারের দুর্গন্ধ প্রশমনের উপর কার্যক্রম গ্রহণ করা হবে। এ বিষয়ে ৫ জন ফোকাল পয়েন্ট মনোনয়ন প্রদান করা হয়েছে।<br>
বিএফডিসিঃ চলমান উদ্ভাবনের তালিকা উপস্থাপন করা হবে।<br>
বিএফআরআইঃ ইনস্টিটিউটের চলমান উদ্ভাবন তালিকা নিম্নরুপ:<br>
১। কাপ্তাই লেক ইনফো ইন বিএফআরআই নামক মোবাইল অ্যাপস।<br>
২। ই-কার্প ব্রিডিং।<br>
৩। ই-ইলিশ।<br>
৪। রেপিড ফিড টেস্ট।<br>
তৎমধ্যে ১নং উদ্ভাবনটির পূনঃপাইলটিং প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>
বিএলআরআইঃ ইনোভেশন আইডিয়া পাঠানো হয়েছে এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলছে এছাড়া ২০১৯-২০২০ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রেরণ করা হয়েছে।<br><br>
বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ ইনোভেশন কার্যক্রম অব্যাহত আছে এবং ইনোভেশনের তালিকা শীঘ্রই উপস্থাপন করা হবে।<br><br>
মেরিন ফিশারিজ একাডেমিঃ বিষয়টি অনুসরণ করা হবে।
</td><td></td><td></td></tr>
<tr><td>৪.২১</td><td>ই-টেন্ডারিং</td><td>মৎস্য অধিদপ্তরঃ মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পের দরপত্রের কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতিতে সম্পন্ন করা হচ্ছে। চলতি ২০১৯-২০ অর্থবছরে মৎস্য অধিদপ্তরের দরপত্রের কার্যক্রম বাস্তবায়নে জানুয়ারি, ২০২০ পর্যন্ত মোট ৮৩টি ই-টেন্ডারিং পদ্ধতিতে সম্পন্ন হয়েছে।<br>
প্রাণিসম্পদ অধিদপ্তরঃ (ক) প্রাণিসম্পদ অধিদপ্তরের সকল প্রকল্প, সকল খামার, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা ও প্রাণিসম্পদ গবেষনাগার, মহাখালী, ঢাকা এর সকল দরপত্রের কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতিতে সম্পন্ন করা হচ্ছে।<br><br>
(খ) টেন্ডার কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করা হচ্ছে।<br>
বিএফডিসিঃ বিভিন্ন প্রকার মালামাল ক্রয়ের দরপত্র ই-টেন্ডারিং কার্যক্রম চলমান রয়েছে। গত ২৩ জুন ২০১৯ তারিখে ই-টেন্ডার আইডি নং-৩৩৬৩৭৪ এবং গত ২৩ অক্টোবর, ২০১৯ তারিখে ই-টেন্ডার আইডি নং-৩৭০৪৯৬ এর মাধ্যমে ০২ (দুই)টি ই-টেন্ডারিং কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। জানুয়ারী, ২০২০ মাসে কোন ই-টেন্ডারিং করা হয়নি।<br>
বিএফআরআইঃ দরপত্রের কার্যক্রম শতভাগ ই-টেন্ডারিং এর মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে।<br><br>
বিএলআরআইঃ ই-টেন্ডারিং এর মাধ্যমে দরপত্র আহবানসহ সংশ্লিষ্ট সকল কার্যক্রম বাস্তাবায়ন করা হচ্ছে। ই-টেন্ডারিং এর উপর প্রকল্প</td><td>সকল দপ্তর/সংস্থা কর্তৃক দরপত্রের কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতিতে সম্পন্ন অব্যাহত রাখতে হবে।</td><td>অতিঃ সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল)</td></tr>
</table>

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | পরিচালক বৃন্দের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। স্ব স্ব প্রকল্প পরিচালক দরপত্র আহবান করেন।<br><br>**বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ** সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।<br><br>**মেরিন ফিশারিজ একাডেমিঃ** এ দপ্তরে ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপত্রের কার্যক্রম অব্যাহত আছে। | | |
| ৪.২২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | **মৎস্য অধিদপ্তরঃ** কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। ২০২০ সালের জানুয়ারি, ২০২০ মাসে মৎস্য অধিদপ্তর, ঢাকায় ৫১ জন কর্মচারীর "কর্মক্ষেত্রে কর্মকালীন আচরণবিধি ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন" বিষয়ক ইন হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মৎস্য অধিদপ্তরের মোট ৪,৩৮২ জন কর্মকর্তার বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণের ২,৬২,৯২০ ঘন্টা লক্ষ্যমাত্রার বিপরীতে জানুয়ারি,২০২০ মাসে মোট ৭,৩১৫ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br><br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** ১। (ক) প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। প্রাণিসম্পদ অধিদপ্তরের জানুয়ারী/২০ মাসে ৫৯৩ জন প্রশিক্ষনার্থী অভ্যন্তরীন প্রশিক্ষণে অংশ গ্রহন করেন।<br><br>(খ) সরকারী ক্রয় ও সংগ্রহ, অডিট আপত্তি ও নিস্পত্তি, APA, শুদ্ধাচার বিভাগীয় আইন ও বিধি বিধান সম্পর্কে প্রশিক্ষণ দেয়া হয়।<br><br>(২) মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় প্রশিক্ষনের উদ্যোগ গ্রহন করা হচ্ছে।<br><br>**বিএফডিসিঃ** (১) অত্র কর্পোরেশনের আওতাধীন সকল ইউনিটসমূহ বার্ষিক ৬০ ঘন্টা কর্মকালীন প্রশিক্ষণ কার্যক্রম APA এর সাথে লক্ষ্য রেখে বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে।<br>(২) অগ্রাধিকার ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারীদের দেশের অভ্যন্তরে সঞ্জীবনী প্রশিক্ষণ বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হচ্ছে।<br>(৩) প্রশিক্ষণের বিষয়ে সঠিকভাবে তথ্য প্রদান করা হচ্ছে।<br>**বিএফআরআইঃ** (১) APA অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে। জানুয়ারী/২০২০ পর্যন্ত ইনস্টিটিউটে -১৮.০৯ ঘণ্টা কর্মকালীন প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br>(২) মার্চ/২০২০ মাসে সঞ্জীবনী প্রশিক্ষণের আয়োজন করা হবে।<br><br>**বিএলআরআইঃ** গত জুন ২০১৯ সাল পর্যন্ত ৬০ জন ঘন্টাপ্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরের প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে ৩টি প্রযুক্তি বিষয় প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। অন্যান্য প্রশিক্ষণ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>**বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ** (১) অত্র দপ্তরে বার্ষিক ৬০ ঘন্টা কর্মকালীন প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে।<br>(২) অগ্রাধিকার ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারীদের দেশের অভ্যন্তরে সঞ্জীবনী প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হবে।<br>**মেরিন ফিশারিজ একাডেমিঃ** এ দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের কর্মকালীন প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। | (১) মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থায় বার্ষিক ৬০ ঘন্টা কর্মকালীন প্রশিক্ষণ কার্যক্রম APA এর সাথে লক্ষ্য রেখে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।<br>(২) অগ্রাধিকার ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারীদের দেশের অভ্যন্তরে সঞ্জীবনী প্রশিক্ষণ বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।<br><br>(৩) প্রশিক্ষণের বিষয়ে দপ্তর/সংস্থা কর্তৃক সঠিকভাবে তথ্য প্রদান করতে হবে।<br>(৪) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক অফিস ম্যানেজমেন্ট এর ক্ষেত্রে মাঠ পর্যায়ের অফিসগুলোতে প্রশিক্ষণের ব্যবস্থা করবেন। | অতিঃসচিব (প্রশাসন) সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-৩) |
| ৪.২৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল | **মৎস্য অধিদপ্তরঃ** গত ১৪/০১/২০২০ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি কাঠামোর ২০১৯-২০ অর্থবছরের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালযে প্রেরণ করা | (১) জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সকলকে সচেতন | অতিঃ সচিব (প্রাণিসম্পদ-২), |

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>হয়েছে।<br>• জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সকলকে সচেতন করাসহ সকল পর্যায়ে তা প্রতিপালন করা হচ্ছে।<br>• ৬০ ঘন্টা প্রশিক্ষণ কার্যক্রমে শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে।<br>নৈতিকতা কমিটির সম্মানিত সভপতি, সদস্য সচিবসহ কয়েকজন কর্মকর্তার অবসরজনিত কারণে নতুন কমিটি গঠন করে অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br><br>প্রাণিসম্পদ অধিদপ্তরঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কার্যক্রম চলমান আছে।<br>বিএফডিসিঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সকলকে সচেতন করাসহ সকল পর্যায়ে তা প্রতিপালনের চেষ্টা অব্যাহত রয়েছে।<br>বিএফআরআইঃ ইনস্টিটিউটে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং ইনস্টিটিউটের সকল পর্যায়ে শুদ্ধাচার প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>বিএলআরআইঃ শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০ অনুযায়ী ২য় ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।<br><br>বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ জাতীয় শুদ্ধাচার কৌশল দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী এবং পেশাজীবিদের এ বিষয়ে সচেতন করা সহ প্রতিপালন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br><br>মেরিন ফিশারিজ একাডেমিঃ বিষয়টি চলমান আছে।</td><td>করাসহ সকল পর্যায়ে তা প্রতিপালন করতে হবে।<br>(২) GRS এর বিষয়ে এ মাসে অথবা আগামী মাসে প্রশাসন-৩ অধিশাখা হতে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্র.-৩)</td></tr>
<tr><td>৪.২৪</td><td>অভিযোগ নিষ্পত্তি</td><td>মৎস্য অধিদপ্তরঃ মৎস্য অধিদপ্তরের নিচ তলায় সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। জানুয়ারি,২০২০ মাসে অভিযোগ বাক্সে কোন অভিযোগ পাওয়া যায় নাই। এ পর্যন্ত অনিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা ০২টি।<br>প্রাণিসম্পদ অধিদপ্তরঃ অভিযোগ নিষ্পত্তির জন্য স্বচ্ছ বাক্স স্থাপন করা হয়েছে। উপপরিচালক, প্রশাসন ফোকাল পয়েন্টের দায়িত্বে নিয়োজিত। অভিযোগ বাক্সে অভিযোগ পাওয়া গেলে তা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়ে থাকে।<br>জানুয়ারী /২০ পর্যন্ত অভিযোগ. সংক্রান্ত তথ্যঃ<br><table><tr><th>জুলাই/১৭ হতে ডিসেম্বর/১৯ পর্যন্ত</th><th>জানুয়ারী/ ২০ মাসে</th><th>অভিযোগ নিষ্পত্তি</th><th>জানুয়ারী/ ২০ পর্যন্ত অবশিষ্ট</th></tr><tr><td>৫০ টি</td><td>-</td><td>-</td><td>৫০ টি</td></tr></table><br>বিএফডিসিঃ ১) অভিযোগ বাক্সে ও অনলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করা হচ্ছে।<br>২) প্রাপ্তি সাপেক্ষে অভিযোগের তথ্য ম্যাট্রিক্স পদ্ধতিতে প্রদান করা হবে।<br><br>বিএফআরআইঃ ১। জানুয়ারী/২০২০ মাসে অভিযোগ বাক্সে/ডাকযোগে/অন লাইনে কোন অভিযোগ পাওয়া যায় নাই।<br><br>বিএলআরআইঃ অভিযোগ বাক্স দৃষ্টিগোচর হয় এমন স্থানে স্থাপন করা হয়েছে এবং কমিটি গঠন করে অভিযোগগুলো সংগ্রহ করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।<br>বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। অভিযোগ বক্সে আপাতত: কোন অভিযোগ নেই।</td><td>(১) অভিযোগ বাক্সে ও অনলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>(২) অভিযোগ বাক্সে ও অনলাইনে প্রাপ্ত অভিযোগের তথ্য ম্যাট্রিক্স পদ্ধতিতে প্রদান করতে হবে।<br>(৩) বেনামিতে অভিযোগ পেলে তা নিষ্পন্ন করে অনলাইনে প্রকাশ করতে হবে।<br>(৪) মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অভিযোগগুলোর বিষয়ে দ্রুত মতামত প্রদান করতে হবে।</td><td>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>মেরিন ফিশারিজ একাডেমিঃ এ দপ্তরে অভিযোগ বাক্সে ও অনলাইনে কোন অভিযোগ পাওয়া যায়নি।</td><td></td><td></td></tr>
<tr><td>৪.২৫</td><td>জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালন</td><td>মাননীয় প্রধানমন্ত্রী “প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০১৯” এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিতির সদয় সম্মতি প্রদান করেছেন। কিন্তু উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতির তারিখ ও সময় না পাওয়ায় এ মন্ত্রণালয় ৩/৪/২০১৯ তারিখে “প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০১৯” উদযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সুবিধাজনক সময়ে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতির জন্য তারিখ ও সময় নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়কে অনুরোধ করা হয়েছে। কিন্তু উক্ত বিষয়ে অদ্যাবধি প্রধানমন্ত্রীর কার্যালয় হতে পত্র পাওয়া যায়নি।<br>মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর ২৩/১/২০২০ তারিখের পত্রে দেশব্যাপী প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০২০ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতির সদয় সম্মতি জ্ঞাপনের প্রস্তাব প্রেরণ করেছেন।<br>“প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০২০” এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতির সদয় সম্মতি এবং আগামী ০১/০৩/২০২০ হতে ৩১/০৩/২০২০ তারিখের মধ্যে অথবা মাননীয় প্রধানমন্ত্রীর সুবিধামত একটি তারিখ ও সময় নির্ধারণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করার নিমিত্ত নথিটি প্রক্রিয়াধীন রয়েছে।<br>প্রাণিসম্পদ অধিদপ্তরঃ প্রতি বছর জাতীয় প্রাণিসম্পদ সেবা সপ্তাহ পালনের লক্ষ্যে যথাসময়ে প্রস্তুতি গ্রহণের কার্যক্রম অব্যাহত আছে এবং জাতীয় প্রাণিসম্পদ সেবা সপ্তাহ স্বীকৃতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অধিদপ্তরের ১৮/৯/২০১৮ তারিখের নং-৩৩.০১.০০০০.১০১.৫৫. ৮৫৩(২).১৮-১৯৭৮ সংখ্যক পত্রের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। এ বিষয়ে ফলোআপ অব্যাহত আছে।</td><td>মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে তারিখ ও সময় নিয়ে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ উদযাপন করতে হবে।</td><td>অতিঃ সচিব (প্রাস-২)/ যুগ্মসচিব (প্রাস-১), মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর/ উপসচিব (প্রাণিসম্পদ-২)</td></tr>
<tr><td>৪.২৬</td><td>অনিষ্পন্ন পত্র/বিষয়</td><td>মৎস্য অধিদপ্তরঃ (২) মন্ত্রণালয়ে অনিস্পন্ন বিষয়সমূহ সংযুক্তি-১ এ বর্ণিত হলো।<br><br>প্রাণিসম্পদ অধিদপ্তরঃ <u>জানুয়ারী/২০২০ মাসের অনিস্পন্ন পত্র/বিষয়</u><br>
<table>
<tr><th>ক্র: নং</th><th>অনিস্পন্ন বিষয়</th><th>পত্র প্রেরণের তারিখ</th><th>যে শাখায় প্রেরণ করা হয়েছে।</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
</table>
(২) তদন্ত প্রতিবেদন/ কোন বিষয়ে চাহিত মতামত যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়ে থাকে।<br>বিএফডিসিঃ বিষয়টি অনুসরণ করা হচ্ছে।<br><br>বিএফআরআইঃ<br>১। অনিস্পন্ন বিষয় দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সংস্থার নিকট দীর্ঘদিন পেন্ডিং কোন ইস্যু নেই।<br>২। সভায় উপস্থাপন করা হবে।<br>বিএলআরআইঃ (২) বিষয়টি অনুসরন করা হচ্ছে।<br>মেরিন ফিশারিজ একাডেমিঃ বিষয়টি অনুসরণ করা হবে।</td><td>(১) মন্ত্রণালয়ে দপ্তর/ সংস্থার অনিষ্পন্ন বিষয় ও দপ্তর/ সংস্থায় মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(২) সংস্থাপ্রধানগণ মাসিক সমন্বয় সভায় মন্ত্রণালয়ে অনিষ্পন্ন বিষয়গুলো উপস্থাপন করবেন।</td><td>সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা</td></tr>
</table>

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.২৭ | দেশে/বিদেশে উচ্চ শিক্ষা সংক্রান্ত | দেশে/বিদেশে উচ্চ শিক্ষার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | পিএইচডি এর মেয়াদ বর্ধিতকরণের বিষয়ে যৌক্তিক কারণ ছাড়া কোন প্রস্তাব প্রেরণ করা যাবে না। | সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

## অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত

৫। মৎস্য অধিদপ্তর

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫.১ | মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের (নন-ক্যাডার) নিয়োগবিধি সংক্রান্ত | মৎস্য অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২০ চূড়ান্ত করণের নিমিত্ত গত ১১/০২/২০২০ তারিখে সার-সংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রেরণ করা হয়েছে।<br><br>**মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের (নন-ক্যাডার) নিয়োগ বিধিমালা চূড়ান্তকরণের নিমিত্ত গত ০৩/০২/২০২০ খ্রি. তারিখে আইন মন্ত্রণালয়ের ভেটিং সম্পন্ন হয়েছে। | মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের (নন-ক্যাডার) নিয়োগ বিধির বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিঃসচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১) |
| ৫.২ | মৎস্য অধিদপ্তরের রাজস্বখাতে ১৫৩১টি পদ সৃজন | মৎস্য অধিদপ্তরের বিভিন্ন ক্যাটাগরির ১৫৩১ টি পদ সৃজনের সম্মতি প্রদানের জন্য গত ০৯/১০/২০১৯ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে অদ্যাবধি কোন অগ্রগতি নেই।<br>**মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের রাজস্বখাতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্মতি প্রদানকৃত ২৪৫৭ টি পদের অবশিষ্ট (২৪৫৭-৯২৬)=১,৫৩১ টি পদসহ মৎস্য অধিদপ্তরে বিভিন্ন উইং এ ১০,২৮৬ [১৫৩১(জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্মতিপ্রাপ্ত অবশিষ্ট পদ)+১৩৬ (প্রস্তাবিত এফআইকিউসি পদ)+৪২৪(প্রস্তাবিত সার্ভেল্যান্স চেকপোস্ট পদ)+৪৫৫৪(ইউনিয়ন পর্যায়ে প্রস্তাবিত উপ-সহকারী মৎস্য কর্মকর্তার পদ)+৫৮ (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ডিপ্লোমা ইন্সটিটিউটের জন্য সম্মতিপ্রাপ্ত অবশিষ্ট পদ)+৩৫৮৩(পুনর্বিন্যাসের জন্য প্রস্তাবিত নতুন পদ)] টি পদ সৃজনের নিমিত্ত মৎস্য অধিদপ্তরের বিদ্যমান সাংগঠনিক কাঠামো সংস্কার ও পুনর্বিন্যাসের প্রস্তাব গত ২৩/১২/২০১৯ খ্রি. তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | এ বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিঃসচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১) |
| ৫.৩ | শূন্য পদে লোক নিয়োগ | মৎস্য অধিদপ্তরের শূন্যপদে নিয়োগের নিমিত্তে বিভাগীয় নির্বাচন কমিটি গত ৩০/০১/২০২০ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়। শীঘ্রই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে মর্মে জানা যায়।<br><br>**মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির সরাসরি পূরণযোগ্য ০৯টি ক্যাটাগরির ৪১৫টি পদের মধ্যে ১০% রিজার্ভ বাদে অবশিষ্ট ৩৭৫টি পদে জনবল নিয়োগ কার্যক্রমের অংশ হিসেবে গত ৩০/০১/২০২০ খ্রি. তারিখে মৎস্য অধিদপ্তরে বিভাগীয় বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক কারিগরি সহায়তা প্রদানের লক্ষ্যে টেলিটক, বাংলাদেশ লিমিটেড এর সাথে চুক্তি সম্পাদনের মাধ্যমে বিজ্ঞপ্তিতে চাহিত শর্তাবলী মোতাবেক সফটওয়্যার কাস্টমাইজ করে ফেব্রুয়ারি, ২০২০ মাসের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা সম্ভব হবে। | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | অতিঃ সচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১) |

## ৬। প্রাণিসম্পদ অধিদপ্তর

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৬.১</td><td>নতুন চর্ম রোগের আবির্ভাব</td><td>১। টিকা প্রদান কার্যক্রম চলমান আছে।<br>২। চিকিৎসা কার্যক্রম চলমান রয়েছে।<br>৩। মশামাছি থেকে রক্ষা পাওয়ার জন্য মশারী ব্যবহারের পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>৪। অসুস্থ পশুকে সুস্থ পশু থেকে আলাদা রাখার পরামর্শ প্রদান করা হচ্ছে।</td><td>১) টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে এবং মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরে আবশ্যিকভাবে তথ্য প্রেরণ করতে হবে।</td><td>১) প্রাণিসম্পদ অধিদপ্তর<br>২) প্রাণিসম্পদ অধিদপ্তর/মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর।</td></tr>
<tr><td>৬.২</td><td>ক্ষুদ্র, মাঝারি ও বড় পোল্ট্রি ফার্ম এবং ফিডমিল রেজিস্ট্রেশন</td><td>(ক) জানুয়ারী/২০২০ পর্যন্ত হালনাগাদ নিবন্ধিত খামারের সংখ্যা নিম্নরূপঃ
<table>
<tr><th>খামার</th><th>ডিসেম্বর/ ১৯ পর্যন্ত</th><th>জানুয়ারী/২০ মাসে</th><th>জানুয়ারী/ ২০ পর্যন্ত</th></tr>
<tr><td>গাভীর খামার</td><td>৬০,০৮১</td><td>২১২</td><td>৬০,২৯৩</td></tr>
<tr><td>মহিষের খামার</td><td>০২</td><td>০</td><td>০২</td></tr>
<tr><td>গরু হৃদষ্টপুষ্টকরণ খামার</td><td>৪২</td><td>০৮</td><td>৫০</td></tr>
<tr><td>ছাগলের খামার</td><td>৪২৭৬</td><td>২৮</td><td>৪,৩০৪</td></tr>
<tr><td>ভেড়ার খামার</td><td>৩৭৬৪</td><td>১০</td><td>৩৭৭৪</td></tr>
<tr><td>মোট</td><td>৬৮১৬৫</td><td>২৫৮</td><td>৬৮৪২৩</td></tr>
<tr><td>গ্রেন্ড প্যারেন্ট স্টক (লেয়ার)</td><td>১৫</td><td>০</td><td>১৫</td></tr>
<tr><td>গ্রেন্ড প্যারেন্ট স্টক (ব্রয়লার)</td><td>০৬</td><td>০২</td><td>০৮</td></tr>
<tr><td>হ্যাচারী/প্যারেন্ট স্টক (লেয়ার)</td><td>২৩৩</td><td>০</td><td>২৩৩</td></tr>
<tr><td>হ্যাচারী/প্যারেন্ট স্টক (ব্রয়লার)</td><td>১৬</td><td>০১</td><td>১৭</td></tr>
<tr><td>মুরগির খামার (লেয়ার)</td><td>১৯০৪৮</td><td>৩৩</td><td>১৯০৮১</td></tr>
<tr><td>মুরগির খামার (ব্রয়লার)</td><td>৫৪৫২৩</td><td>৪০</td><td>৫৪,৫৬৩</td></tr>
<tr><td>সোনালী মুরগীর খামার</td><td>০৯</td><td>০২</td><td>১১</td></tr>
<tr><td>হাঁস খামার</td><td>৭৮৪৮</td><td>১৪</td><td>৭,৮৬২</td></tr>
<tr><td>কবুতর খামার</td><td>০১</td><td>-</td><td>০১</td></tr>
<tr><td>কোয়েল খামার</td><td>-</td><td>০</td><td>-</td></tr>
<tr><td>টার্কি খামার</td><td>-</td><td>০</td><td>-</td></tr>
<tr><td>মোট হাঁস-মুরগীর খামার</td><td>৮১,৬৯৯</td><td>৯২</td><td>৮১,৭৯১</td></tr>
<tr><td>সবমোট গাবদি ও হাঁস মুরগির খামার</td><td>১৪৯৮৬৪</td><td>৩৫০</td><td>১৫০২১৪</td></tr>
<tr><td>ফিড মিল</td><td>২৩৭ টি</td><td>০</td><td>২৩৭ টি</td></tr>
</table>
ল্যাবরেটরী রেজিস্ট্রেশনের জন্য ৩ (তিন) টি আবেদন পত্র পাওয়া গিয়াছে। আবেদন পত্রের আলোকে যাচাই বাছাইয়ের জন্য কমিটি গঠন করা হয়েছে এবং কমিটির কার্যক্রম চলমান আছে ।<br>খ) ১. জানুয়ারী/২০ মাসে ১৯৩ টি ফিড মিল পরিদর্শন করা হয়েছে। খাদ্যে ক্ষতিকারক উপাদান ব্যবহার নিষেধ এবং খাদ্য সংরক্ষণ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে ।</td><td>দেশের সকল বেসরকারি খামার, ফিডমিল ও ল্যাবরেটরি নিবন্ধনের হালনাগাদ তালিকা নির্দিষ্ট তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।</td><td>অতিঃ সচিব (প্রাস-২), মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর</td></tr>
</table>

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | খ) জানুয়ারী/২০ মাসে মোবাইল কোর্টের সংখ্যা-৩২ এবং এ মাসে ৩২,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়।<br>মোবাইল কোর্ট পরিচালনা পূর্বক সতর্কতামূলক বার্তা ও পরামর্শ প্রদান করা হয়েছে। জনস্বাস্থ্য বিবেচনায় পশু জবাইয়ের পূর্বে পশুর স্বাস্থ্য পরীক্ষা এবং বিধি মোতাবেক মাংস সংরক্ষণ করতে বলা হয়েছে এর ব্যত্যয় ঘটলে পরবর্তীতে আইন অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। | | |
| ৬.৩ | ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের জনবল নিয়োগ | প্রস্তাবিত নিয়োগ বিধিমালাটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে রয়েছে। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপসচিব (প্রাস-৪), যুগ্মপ্রধান, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৬.৪ | প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্বখাতে পদ সৃজন। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০/১০/২০১৮ তারিখের ২২৮ সংখ্যক স্মারকে ৮৬২৪ টি পদ রাজস্বখাতে সৃজন করা হয়েছে। রাজস্বখাতে পদ সৃজনের বিষয়ে ২৬/১২/২০১৮ তারিখে অর্থমন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়। অর্থ মন্ত্রণালয় ১/০৪/২০১৯ তারিখের ১৪৩ সংখ্যক স্মারকে তথ্য চাওয়া হলে প্রাণিসম্পদ অধিদপ্তর হতে ৭/৪/২০১৯ তারিখের ৮৪০ সংখ্যক স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় প্রশাসনিক মন্ত্রণালয় হতে ১৬/৪/২০১৯ তারিখ অর্থমন্ত্রণালয় প্রেরণ করা হয়। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রাস-১)/ DG, DLS |
| ৬.৫ | শূন্য পদে লোক নিয়োগ | ৩য় শ্রেণীর জনবল নিয়োগের জন্য ৬১০ টি পদের ছাড়পত্র পাওয়া গেছে। উক্ত ৬১০ টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। এ বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে। এ নিয়োগের বিরুদ্ধে জনাব মো: ইউসুফ মিয়া ও অন্যান্য স্চ্ছোসেবী কৃত্রিম প্রজনন কার্যক্রম কর্তৃক রীট নং-১৬৪১৭/১৬ এর প্রেক্ষিতে আদালত কর্তৃক সংশ্লিষ্ট নিয়োগের বিরুদ্ধে মহামান্য আদালত স্থগিতাদেশ প্রদান করেন। পরবর্তীতে সরকারপক্ষ কর্তৃক উক্ত স্থগিতাদেশ ভ্যাকেটের জন্য চেম্বার জজ আদালতে সিভিল পিটিশন দায়ের পরবর্তী শুনানীন্তে চেম্বার জজ কর্তৃক স্থগিতাদেশ ভ্যাকেট না করে সুপ্রীম কোর্টের আপীল বিভাগের পূর্নাঙ্গা বেঞ্চে শুনানীর জন্য পাঠানো হয়। পরবর্তীতে প্রধান বিচারপতির নেতৃত্বে পূর্ণাংঙ্গা বেঞ্চে উভয় পক্ষের শুনানীন্তে মাননীয় আদালত কর্তৃক হাইকোর্টে প্রদেয় স্থগিতদেশ ভ্যাকেট করা হয়। বর্তমানে নিয়োগের উপর স্থগিতাদেশ প্রত্যাহার হওয়ায় অনতিবিলম্বে নিয়োগ কার্যক্রমের কাজ শুরু করা যাবে। | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), DG, DLS/ উপসচিব (প্রাণিসম্পদ-১) |

## ৭। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭.১ | প্রবিধানমালা হালনাগাদকরণ | ইনস্টিটিউট প্রবিধানমালা হালনাগাদ করে গত ৫-২-২০২০ইং তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | প্রবিধানমালা হালনাগাদ করতে হবে। | যুগ্মসচিব (মৎস্য-৫)/উপসচিব (আইন) |
| ৭.২ | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কল্যাণ তহবিলের অনুমতি | জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে মন্ত্রণালয় হতে অনুসরণ করা প্রয়োজন। | যুগ্মসচিব (মৎস্য-৫) জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করে বিষয়টি নিষ্পন্ন করবেন। | যুগ্মসচিব (মৎস্য-৫) মহাপরিচালক, বিএফআরআই |
| ৭.৩ | শূন্য পদে লোক নিয়োগ | ইনস্টিটিউটের অনুকূলে সম্প্রতি রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত ১৪১টি পদসহ ইনস্টিটিউটের মোট শূণ্য পদের সংখ্যা ২১৬টি। জানুয়ারী মাসে ১৫টি বৈজ্ঞানিক কর্মকর্তা পদে নিয়োগ প্রদান করা হয়েছে এবং ০৭টি ইলেকট্রিশিয়ান পদে নিয়োগের জন্য পুলিশ ভেরিফিকেশন চলমান আছে। উর্দ্ধতন বৈজ্ঞানিক | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | যুগ্মসচিব (মৎস্য-৫) মহাপরিচালক, বিএফআরআই |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | কর্মকর্তার ১৩টি পদে পদোন্নতি প্রদানের জন্য অনুমোদন চেয়ে মন্ত্রণালয়ে ০৭-০১-২০২০ইং তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। অপরদিকে, ৪২ টি বৈজ্ঞানিক কর্মকর্তা পদে প্রার্থীদের আবেদনপত্র বাছাই কাযক্রম সম্পন্ন হয়েছে। মার্চ/২০২০ মাসের সুবিধাজনক সময়ে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। বিদ্যমান অন্যান্য শূণ্য পদ পূরণের কার্যক্রম চলমান আছে। | | |

## ৮। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৮.১ | প্রবিধানমালা হালনাগাদকরণ | মহাপরিচালক, বিএলআরআই, ১৯/৫/২০১৯ তারিখে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি মডেল প্রবিধানমালার খসড়া প্রেরণ করে। উক্ত খসড়া প্রবিধানমালাটি পর্যালোচনার জন্য অতিরিক্ত সচিব (প্রাস-২) এর সভাপতিত্বে গত ২/৭/২০১৯ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে । উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয় হতে ১৪/০৭/২০১৯ তারিখে মহাপরিচালক, বিএলআরআইকে অনুরোধ করা হয়েছে। বিএলআরআই হতে ১০/১২/২০১৯ তারিখে প্রস্তাব পাওয়া গেছে। উক্ত প্রস্তাব মোতাবেক<br>বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর সংশোধিত খসড়া মডেল প্রবিধানমালাটি পর্যালোচনাপূর্বক খসড়া চূড়ান্তকরণের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) এর সভাপতিত্বে গত ০২/০১/২০২০ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয় হতে ৯/১/২০২০ তারিখে মহাপরিচালক, বিএলআরআইকে অনুরোধ করা হয়েছে।<br>**বিএলআরআইঃ** মন্ত্রণালয়ে পরবর্তী কার্যক্রমের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। | মহাপরিচালক, বিএলআরআই ভালভাবে পর্যাবেক্ষণ করে প্রবিধানমালা হালনাগাদ করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রাস-২)/উপসচিব (আইন) |
| ৮.২ | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ৩৯৪টি পদ সৃজন | বিএলআরআই এর ১৩৯ (একশত উনচল্লিশ) টি পদ (১ম পর্যায়ে ২০১৮-১৯ অর্থ বছরে ৯৫ টি এবং ২য় পর্যায়ে ২০২০-২১ অর্থ বছরে ৪৪ টি) পদ অস্থায়ীভাবে সৃজনে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সদয় অনুমোদন জন্য সার-সংক্ষেপ প্রস্তুত করে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সদয় অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। গত ৭/৩/২০১৯ তারিখের সচিব কমিটির সভায় বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১২৭টি পদ সৃজনের সুপারিশ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ মোতাবেক ১২৭টি পদ এর মধ্যে ৬৭ (সাতষট্টি) প্রথম শ্রেণীর পদসহ মাননীয় মন্ত্রীর সদয় অনুমোদনক্রমে গত ২৫/০৬/২০১৯ তারিখে ১২৭টি পদ সৃজনের জি.ও জারি করা হয়েছে এবং উক্ত জি.ও এর কপি পৃষ্ঠাংকনের জন্য সহকারী সচিব, রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান শাখা-৫, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় । | বিএলআরআই এর ৩৯৪টি পদ রাজস্বখাতে সৃজনের বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিঃ সচিব (প্রাস-২), মহাপরিচালক, বিএলআরআই/ উপসচিব (প্রাস-২) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে১৬/৭/২০১৯ তারিখে জানানো হয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রস্তাবিত জি.ও'র ক্রমিক নং-৯৫, ৯৬, ১১৭ ও ১১৮ বাদ দিয়ে এবং ১১৮ ক্রমিকের অফিস সহায়ক পদ রাজস্বখাতে সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতিসহ জি.ও সংশোধন করে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>তৎপ্রেক্ষিতে এ মন্ত্রণালয় হতে ৫/৮/২০১৯ তারিখে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্রের ছায়ালিপি মহাপরিচালক, বিএলআরআই বরাবর প্রেরণ করে উক্ত পত্রে বর্ণিত এ মন্ত্রণালয় হতে ২৫/৬/২০১৯ তারিখে জারিকৃত ১১৮ ক্রমিকের অফিস সহায়ক পদ রাজস্বখাতে সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির জন্য স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য মহাপরিচালক, বিএলআরআইকে অনুরোধ করা হয়।<br>মহাপরিচালক, বিএলআরআই গত ১৮/১২/২০১৯ তারিখে প্রস্তাব প্রেরণ করেছে। এ মন্ত্রণালয় হতে ২/১/২০২০ তারিখে উক্ত অফিস সহায়ক ১২ (বার) টি পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।<br>বিএলআরআইঃ ৩৯৪টি পদের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২০০টি পদ সৃজনের সম্মতি প্রদান করেন গত ২০/০৪/২০১৭ তারিখে। তন্মধ্যে ১২৭টি পদ সৃজনের জি. ও. পাওয়া গেছে গত ২৫/০৬/২০১৯ তারিখে। অবশিষ্ট পদ গুলোর সৃজনের বিষয়টি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। | | |
| ৮.৩ | শূন্য পদে লোক নিয়োগ | এ মন্ত্রণালয় হতে গত ২৫/০৬/২০১৯ তারিখে ১২৭টি পদ সৃজনের জি.ও জারি করা হয়েছে।<br><br>**বিএলআরআইঃ** বিষয়টি অনুসরন করা হচ্ছে। | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | অতিঃ সচিব (প্রাণিসম্পদ-২), DG, BLRI/ উপসচিব (প্রাণিসম্পদ-২) |

## ৯। মেরিন ফিশারিজ একাডেমি

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৯.১ | সিমুলেটর বেইজড ট্রেনিং ফ্যাসিলিটিজ স্থাপন প্রকল্প | প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম এ মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং হতে পরিচালিত হয়ে থাকে। এ বিষয়ে মৎস্য-৩ অধিশাখার সহায়তা প্রয়োজন হলে তা তাৎক্ষণিক বিবেচনায় নেয়া হবে।<br><br>মেরিন ফিশারিজ একাডেমিঃ চলতি মাসের মধ্যে প্রকল্পের ডিপিপি প্রেরণ করা হবে। | দ্রুত প্রকল্প প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যুগ্মপ্রধান, অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, উপসচিব (মৎস্য-৩) |
| ৯.২ | অর্গানোগ্রাম সংস্কার | গত ০২/০২/২০২০ তারিখে এ ব্যাপারে প্রশাসনিক মন্ত্রণালয়ে উইং পর্যায়ে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সুপারিশ অনুযায়ী কতিপয় সংযোজন এবং বিয়োজনের কাজ চলমান আছে। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, উপসচিব (মৎস্য-৩) |

## ১০। বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০.১ | লোক নিয়োগ সম্পন্নকরণ | গত ২৭ ডিসেম্বর ২০১৮ তারিখের মন্ত্রণালয়ের ছাড়পত্রের ভিত্তিতে কর্পোরেশনে ৬০ জন জনবল নিয়োগ করা হয়। নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীগণ ০১/০৯/২০১৯ তারিখে কাজে যোগদান করেছেন। কর্পোরেশনের আর্থিক সক্ষমতার ভিত্তিতে অবশিষ্ট শূণ্য পদে জনবল নিয়োগ করা হবে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিএফডিসি |
| ১০.২ | মাল্টি চ্যানেল স্লিপওয়ে | জাহাজ নামানোর বিষয়ে ড্রয়িং ডিজাইন পাওয়া গেছে। টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিএফডিসি |
| ১০.৩ | দ্রুত জাহাজ উত্তোলন | ০৭/১০/২০১৯ খ্রি. তারিখের ৭৭ নং পত্রের মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি জানানোর জন্য মহাব্যবস্থাপক, মাল্টি-চ্যানেল স্লিপওয়ে ডকইয়ার্ড বরাবর পত্র দেয়া হয়েছে। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিএফডিসি |
| ১০.৪ | কাপ্তাই লেকে অভয়াশ্রম রক্ষণাবেক্ষণ | ২৭/১০/২০১৯ খ্রি. তারিখের ৩৮০ নং পত্রের মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি জানানোর জন্য ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র বরাবর পত্র দেয়া হয়েছে। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিএফডিসি |
| ১০.৫ | চেক পয়েন্ট স্থাপন | ২৭/১০/২০১৯ খ্রি. তারিখের ৩৮০ নং পত্রের মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি জানানোর জন্য ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র বরাবর পত্র দেয়া হয়েছে। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিএফডিসি |

## ১১। ভেটেরিনারি কাউন্সিলঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১১.১ | পশুরোগের চিকিৎসা | কোন হাতুড়ে ডাক্তার যাতে পশু চিকিৎসা না করতে পারে সে বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে প্রাণিসম্পদ অধিদপ্তরের সাহায্য নিয়ে ভেটেরিনারি কাউন্সিল কাজ করবে। | প্রাণিসম্পদ অধিদপ্তরের সাহায্য নিয়ে ভেটেরিনারি কাউন্সিল কাজ করবে। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর/ রেজিস্ট্রার, ভেটেরিনারি কাউন্সিল |

১২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৬/২০২০

(রওনক মাহমুদ)
সচিব